গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
তেঁতুলিয়া, পঞ্চগড়।
http://coop.tetulia.panchagarh.gov.bd/

তারিখ: ৩০ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
১৫ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৪৭.৬১.৭৭৯০.০০০.০৫.০০২.২৩.১২৩

**বিষয়: বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রেরণ।**

সূত্র: বার্ষিক কর্মসম্পাদন চুক্তির তথ্য অধিকারের ২.১.১ নির্ধারিত সময়ে বার্ষিক প্রতিবেদন প্রকাশিত।

মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ২০২৪-২০২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের অংশের উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় এর তথ্য অধিকার বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২.১.১ অনুযায়ী ১৫-১০২০২৪ তারিখে বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশ করার বাধ্যবাধ্যকতা রয়েছে। সে অনুযায়ী বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশ করা হয়েছে, যা আপনার সদয় অবগতির জন্য অত্র সাথে প্রেরণ করা হলো।

আপনার একান্ত,

সংযুক্তঃ বর্ণনামতে ২০২৩-২০২৪ সনের বার্ষিক প্রতিবেদন ২০(বিশ) পাতা।

১৫-১০-২০২৪

মোঃ মামুন কবীর
উপজেলা সমবায় অফিসার, তেঁতুলিয়া পঞ্চগড়।
০২৫৮৯৯৪২৬০৫
ই-মেইল: somtetu2017@gmail.com

জেলা সমবায় কর্মকর্তা (ভারপ্রাপ্ত), জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, পঞ্চগড়।

**সকল সংযুক্তিসমূহ:**

(১) বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪

# বার্ষিক প্রতিবেদন
# ২০২৩-২০২৪

## উপজেলা সমবায় কার্যালয়
## তেঁতুলিয়া, পঞ্চগড় ।

fppt.com

## উপদেষ্টা



**মোঃ মামুন কবীর**

**উপজেলা সমবায় অফিসার**

**তেঁতুলিয়া, পঞ্চগড়।**

## সম্পাদনায়



**মোঃ জোয়াহের আলী**

সহকারী পরিদর্শক

উপজেলা সমবায় কার্যালয়

তেঁতুলিয়া, পঞ্চগড়।

## সমন্বয়কারী ও প্রচ্ছদ



**মোঃ আকতারুল ইসলাম**

অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক

উপজেলা সমবায় কার্যালয়

তেঁতুলিয়া, পঞ্চগড়।


**প্রকাশকাল**

**১৫ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ।**

**প্রকাশনায়**

উপজেলা সমবায় কার্যালয়

তেঁতুলিয়া, পঞ্চগড়।

http://coop.tetulia.panchagarh.gov.bd/

☎ ০২৫৮৯৯৪২৬০৫,

ই-মেইল: **somtetu2017@gmail.com**

# মাননীয় প্রধান উপদেষ্টা




# ড. মুহাম্মদ ইউনূস

# মাননীয় উপদেষ্টা



## জনাব এ. এফ. হাসান আরিফ

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**



# সমবায়-সংগীত

## -কাজী নজরুল ইসলাম

'ওরে নিপীড়িত, ওরে ভয়ে ভীত শিখে যা আয়রে, আয়।
দুঃখ জয়ের নবীনমন্ত্র- 'সমবায়, সমবায়!'
ক্ষুধার জ্বালায় মরেছি সুধার কলস থাকিতে ঘরে!
দারিদ্র্য, ঋণ, অভাবে জ্বলেছি না চিনে পরস্পরে!
মিলিত হইনি তাই আমাদের দুর্গতি ঘরে ঘরে!
সেই দুর্গতি-দুর্গ ভাঙিব সমবেত পদঘায়॥
মিলি পরমাণু পর্বত হয় সিন্ধু বিন্দু মিলে,
মানুষ শুধুই মিলিবে না কি রে মিলনের এ নিখিলে?
জগতে ছড়ানো বিপুল শক্তি কুড়াইয়া তিলে তিলে
আমরা গড়িব নতুন পৃথিবী সমবেত মহিমায়॥
দুর্ভিক্ষের, শোষণের আর পেষণের জাঁতাকলে
এক হয় নাই বলিয়া আমরা মরিয়াছি পলে পলে।
সকল দেশের সকল মানুষ আজি সহস্র দলে
মিলিয়াছিআসি - রবে না জগতে প্রবলের অন্যায়॥

# মুখবন্ধ

উদ্যোক্তা সৃষ্টি, কর্মসংস্থান সৃষ্টি, বেকারত্ব হ্রাস, দারিদ্র বিমোচনের লক্ষ্যে পঁয়ত্রিশটি আর্থিক ও সেবা খাতে সমবায় সমিতি গঠন করা হচ্ছে। এ সমস্ত সমবায় সমিতির সদস্যগণের সঞ্চয় সংগ্রহের মাধ্যমে পুজিঁগঠন, বিভিন্ন উৎপাদনমুখী কর্মকান্ডে বিনিয়োগ করা হচ্ছে। অর্জিত লাভ সদস্যদের মাঝে বন্টন করা হচ্ছে। সমবায় প্রতিষ্ঠানগুলির সক্ষমতা বৃদ্ধি করতে সমবায় সদস্যগণের দক্ষতা সৃষ্টি করতে বিভিন্ন প্রশিক্ষণের আয়োজন করা হচ্ছে। বিভিন্ন প্রকল্পের মাধ্যমে ঋণ প্রদানের সুযোগ সৃষ্টিহ য়েছে।

তেঁতুলিয়া উপজেলার ৬৭টি সমবায় সমিতি এবং ৫৩০৩ জন ব্যক্তি সদস্য রয়েছে। তাছাড়া তেঁতুলিয়া উপজেলার মোট ১০টি উৎপাদনমুখী সমবায় সমিতি গঠন করা হয়েছে। সমবায়ীদের উৎপাদিত পণ্য বাজারজাতকরণের বিভিন্ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

অর্থনীতির সকল খাতেই আজ সমবায় কর্মকান্ড পরিচালিত হচ্ছে। জাতিগঠনমূলক সরকারি প্রতিষ্ঠান হিসাবে বিভাগীয় সমবায় কার্যালয়ের কার্যক্রম এদেশের মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে যে অবদান রাখছে তার একটি চিত্র তুলে ধরার জন্য বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রকাশিত হতে যাচ্ছে। প্রতিবেদনটিতে তেঁতুলিয়া উপজেলার সংগঠিত সমবায় সমিতিগুলোর সংখ্যা, ব্যক্তি সদস্য, শেয়ার মূলধন, সঞ্চয় আমানাত, গঠিত অন্যান্য তহবিল, ঋণ সংক্রান্ত তথ্য লভ্যাংশ বিতরণ ইত্যাদির চিত্র তুলে ধরা হয়েছে। প্রতিবেদনটি সরকারি নীতি নির্ধারক, গবেষক, সমবায় আন্দোলনের সাথে সম্পৃক্ত ব্যক্তিবর্গ, শিক্ষানুরাগীসহ সকল মহলের জন্য সহায়ক হবে বলে আমি মনে করি। বার্ষিক প্রতিবেদন ২০২৩-২০২৪ প্রণয়নের জন্য তথ্য সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সম্পাদনার সাথে সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

২৩/১০/২০২৪

**মোঃ মামুন কবীর**
উপজেলা সমবায় অফিসার
তেঁতলিয়া, পঞ্চগড়।

# সূচিপত্র


- সাংগঠনিক কাঠামো
- টেলিফোন ডিরেক্টরি
- প্রারম্ভিকা

১ম অধ্যায় ১. উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড়
১.১ রুপকল্প
১.২ অভিলক্ষ্য
১.৩ কৌশলগতউদ্দেশ্য
১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ
১.৫ কার্যাবলী

২য় অধ্যায় ২.১ উল্লেখযোগ্য সাফল্য
২.২ সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ
২.৩ ভবিষ্যৎ পরিকল্পনা :
২.৪ ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা

৩য় অধ্যায় ৩.সমবায় সমিতি সংক্রান্ত তথ্য
৩.১ কার্যকর ও অকার্যকর সমিতির সংখ্যা
৩.২ সমিতির সদস্য সংখ্যা
৩.৩ শেয়ার মুলধন
৩.৪ সঞ্চয় আমানত
৩.৫ কার্যকারী মুলধন
৩.৬ ঋণবিতরণ ও আদায়
৩.৭ সমিতির লভ্যাংশ বিতরণ

৪র্থ অধ্যায় ৪. রাজস্ব আদায়
৪.১ নিরীক্ষাফি
৪.২ নিবন্ধনফি
৪.৩ অন্যান্য

৫ম অধ্যায় ৫. সমবায় উন্নয়ন তহবিল

৬ষ্ঠ অধ্যায় ৬. উপজেলা পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর মনোনয়নের তালিকা

৭ম অধ্যায় ৭.প্রশিক্ষণ
৭.১ আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট
৭.২ ভ্রম্যমাণ প্রশিক্ষণ

৮ম অধ্যায় ৮. প্রকল্প
৮.১ আশ্রয়ণ প্রকল্প

৯মঅধ্যায় ৯. জনবল


উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া এর সাংগঠনিক কাঠামো
উপজেলা সমবায় অফিসার(১)
সহকারী পরিদর্শক(১)
সহকারী পরিদর্শক(২)
অফিস সহঃ কাম কম্পিঃ অপাঃ-১
অফিস সহায়ক(১)

# উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড়  এর কর্মকর্তা-কর্মচারিদের টেলিফোন ডিরেক্টরি

| নাম | পদবী<br>কার্যালয় | কার্যালয় ঠিকানা | ফোন | মেইল |
|---|---|---|---|---|
| মোঃ মামুন কবীর | উপজেলা সমবায় অফিসার<br>উপজেলা সমবায় অফিস | তেঁতুলিয়া<br>পঞ্চগড় | ০১৭১৫১৫৩২৭৫ | mamunkabir72@gmail.com |
| মোঃ জোয়াহের আলী | সহকারী পরিদর্শক<br>উপজেলা সমবায় অফিস | তেঁতুলিয়া<br>পঞ্চগড় | ০১৭২৮৫৪২৫৬০ | somtetu2017@gmail.com |
| মোঃ আকতারুল ইসলাম | অফিস সহঃ কামঃ মুদ্রাঃ<br>উপজেলা সমবায় অফিস | তেঁতুলিয়া<br>পঞ্চগড় | ০১৭১৭৯২০৭৭৯ | somtetu2017@gmail.com |
| মোঃ আনিসুর রহমান | অফিস সহায়ক<br>উপজেলা সমবায় অফিস | তেঁতুলিয়া<br>পঞ্চগড় | ০১৭৮৫৪৫০৯৫৭ | somtetu2017@gmail.com |

# প্রারম্ভিকা

মহানন্দা, ডাহুক, চায়াই নদী বিদৌত করতোয়া নদীর পারে গড়ে ওঠা বাংলাদেশের সর্বউত্তরের জনপদ পঞ্চগড় জেলা। তেঁতুলিয়া থেকে কাঞ্চনজঙ্ঘা, হিমালয় পাহাড়ের সৌন্দর্য দেখা যায় বলে এই উপজেলা ও জেলাকে বলা হয় হিমালয়ের আদরে দুলালী কন্যা। তাল, নারিকেল, সুপারি গাছের নিচে পঞ্চগড়ের বিশাল বিস্তির্ণ সবুজ চা এর বাগান, পায়ে চলা মেঠো পথের ধারে অবস্থিত গ্রামগুলির মনোরম দৃশ্য যে কোন পর্যটককেই আকৃষ্ট করবে। তাই বলা হয়, "উত্তরের প্রবেশদ্বার সবুজ চায়ের সমাহার"। অত্র জেলার অধীনে ০৫টি উপজেলা রয়েছে, যথা- ১) পঞ্চগড় সদর ২) বোদা ৩) দেবীগঞ্জ ৪) আটোয়ারী এবং ৫) তেতুঁলিয়া। তেঁতুলিয়া উপজেলার জনসংখ্যা ১৬০৯০ জন (পুরুষ-৮১০৭৬ জন, মহিলা-৭৯০১৪ জন)। মহানন্দা নদী ঘেষে এই তেঁতুলিয়া উপজেলার গ্রাম অঞ্চলের অধিকাংশ জনগোষ্ঠি দারিদ্রসীমার নীচে বসবাস করে। এদের প্রধান পেশা হচ্ছে কৃষি, নদি থেকে পাথর উত্তোলন করা, সমতল ভুমিতে চা-চাষ করা, চা-শ্রমিক, চা-কারখানার শ্রমিক, বালী উত্তোলন ও বিভিন্ন স্থানে শ্রমিক হিসেবে কাজ করা। তেঁতুলিয়া উপজেলা সমবায় কার্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীর পরিচর্যার মাধ্যমে সমিতিগুলোকে অর্থবহ গতিশীল ও দ্রব্যমূল্য নিয়ন্ত্রন ও বেকারত্ব দুরীকরনের বিশেষ ভূমিকা পালন করে যাচ্ছে

**বর্তমান উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় এ মুখী সমবায় সমিতি গঠন করা হয়েছে। সমবায়ীদের উৎপাদিত পণ্য বাজার জাত করণের বিভিন্ন ৬৭টি সমবায় সমিতি ৫৩০৩ জন ব্যক্তি সদস্য রয়েছে। তাছাড়া অত্র উপজেলায় মোট ১০টি উৎপাদনউদ্যোগ গ্রহণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় কর্তৃক গৃহীত অগ্রাধিকার প্রকল্পের আওতায় অত্র উপজেলায় ১টি আশ্রয়ণ প্রকল্পে ৩০টি পরিবারকে আবাসন সুবিধাসহ তাদের মাঝে ১০,৬৪,০০০.০০ টাকা ঋণ প্রদান করা হয়েছে।**

২৩/১০/২০২৪

**মোঃ মামুন কবীর**
উপজেলা সমবায় অফিসার
তেঁতলিয়া, পঞ্চগড়।

# ১ম অধ্যায়

১ উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় এর রূপকল্প ,অভিলক্ষ্য,কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলী

১.১ রূপকল্প;

টেকসই সমবায়, টেকসই উন্নয়ন।

১.২ অভিলক্ষ্য;

সমবায়ীদের সক্ষমতা বৃদ্ধি এবং উদ্যোক্তা সৃষ্টির মাধ্যমে কৃষি,অকৃষি, আর্থিকও সেবা খাতে টেকসই সমবায় গড়ে তোলা।

১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ;

১.উৎপাদন, আর্থিক ও সেবাখাতে টেকসই সমবায় গঠন;

২. দক্ষতা বৃদ্ধির মাধ্যমে সমবায়ের মানোন্নয়ন;

৩. মানসম্পন্ন ও নিরাপদ সমবায় পণ্য উৎপাদন ও প্রসার;

৪. দরিদ্র ও অনগ্রসর মহিলাদের সক্ষমতা বৃদ্ধি ও সম্পদের অধিকার অর্জনে কার্যক্রম গ্রহণ।

১.৪ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ;

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন;

২.কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;

৩. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;

৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;

১.৫ কার্যাবলী;

১. সমবায়নীতিতে উদ্বুদ্ধকরণ ও নিবন্ধন প্রদান;

২.সমবায় নিরীক্ষা, পরিদর্শন, ও তদারকির মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠা করা;

৩.সমবায় সদস্য বৃন্দকে প্রায়োগিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি এবং মূলধন সৃষ্টি ও আত্ম-কর্মসংস্থানের মাধ্যমে দারিদ্র হ্রাস করা ;

৪. সমবায় নেটওয়ার্কিং জোরদার করার লক্ষ্যে সমবায় মূল্যবোধের প্রচার, প্রকাশনা, সেমিনার ও কর্মশালার আয়োজন করা ;

৫. পুঁজি গঠন ও বিনিয়োগের মাধ্যমে মূলধন সৃষ্টি এবং সমবায়ভিত্তিক ব্যবসা প্রতিষ্ঠান গড়ে তোলা;

৬.সমবায়ভিত্তিক প্রকল্পের মাধ্যমে গ্রামীণ মহিলাদের ক্ষমতায়ন ও আর্থ-সামাজিক উন্নয়ন;

৭. সমবায় পণ্য ব্র্যান্ডিং ও বাজার সংযোগ প্রতিষ্ঠা করা ;

৮. অভিলক্ষ্য অর্জনে প্রয়োজনীয় নীতিমালা, উন্নয়ন কর্মসূচি এবং উন্নয়ন প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করা ;

# ২য় অধ্যায়

## ২.১ উল্লেখযোগ্য সাফল্য

সমবায়কে উন্নয়নমুখী ও টেকসই করার জন্য সমবায় অধিদপ্তরের কাজের ধারাবাহিকতা রক্ষার পাশাপাশি ভবিষ্যৎ চ্যালেঞ্জ মোকাবেলার ভিত্তি প্রস্তুতের ক্ষেত্রে উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় বিগত তিন বৎসরে উল্লেখযোগ্য সাফল্য অর্জনে সক্ষম হয়েছে। কর্মকর্তাগণের উদ্ভাবনী প্রয়াসের ফলে সমবায়কে আরও গণমানুষের সংগঠনে পরিণত করতে ও এর গুণগত মান উন্নয়নে সারাদেশে উৎপাদনমুখী ও সেবাধর্মী সমবায় গঠন, সমবায় উদ্যোক্তা সৃষ্টির কৌশল অবলম্বন, সমবায় পণ্য উৎপাদন ও বাজারজাতকরণে সহায়ক ভূমিকা পালন করতে সক্ষম হয়েছে। বিগত তিন অর্থবছরে মোট ৭৬ টি নতুন সমবায় সমিতি গঠন করা হয়েছে এবং ২২৮০ জন নতুন সমবায়ীকে সদস্যভুক্ত করা হয়েছে। ৩২০টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন করা হয়েছে। ৩০০জন সমবায়ীকে ভ্রাম্যমাণ প্রশিক্ষণের মাধ্যেমে চাহিদা ভিত্তিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তিন বছরের সমিতিতে নিজস্ব তহবিল হতে সদস্যদের মাঝে ঘুনায়মান তহবিল হিসাবে ঋণ প্রদান করে ৯ কোটি ৫ লক্ষ টাকা । চাহিদাভিত্তিক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের মাধ্যমে ৩০০ জনের আত্ম-কর্মসংস্থানের সৃষ্টি হয়েছে। অত্র উপজেলায় সমবায় সমিতি মাধ্যমে চা-চাষে ব্যপক সাফল্য অর্জিত হয়েছে। তিন বছরের প্রায় ২৪ কোটি টাকা চা-পাতা বিক্রয় করা হয়েছে, চা-চাষের মাধ্যমে স্থানীয় জন সাধারণে বেকারত্ব দুরীকরণসহ কর্মসংস্থান সৃষ্টি হয়েছে।

## ২.২ সমস্যা এবং চ্যালেঞ্জ সমুহ

উন্নয়নমুখী ও টেকসই সমবায় গঠনের মাধ্যমে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় চ্যালেঞ্জ বহুবিধ। নানা শ্রেণি ও পেশার সম্মিলনে তৈরী হওয়া বৈচিত্রময় কার্যক্রমে পূর্ণ এ বিপুল সমবায়কে নিয়মিত অডিট করা, নিবিড়ভাবে মনিটরিং করা এবং সদস্যদেরকে দক্ষ ও আন্তরিক সমবায়ী হিসেবে গড়ে তোলা অন্যতম বড় চ্যালেঞ্জ। সমবায়ীগণের চাহিদা পূরণে প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান সময়ের অন্যতম দাবী। কিন্তু প্রয়োজনীয় জনবল, প্রয়োজনীয় যানবাহন ও পর্যাপ্ত অর্থ বরাদ্দ না থাকায় রুটিন কাজের মাধ্যমে এ সমস্যার সমাধান সম্ভব হচ্ছে না। তাছাড়া মাঠপর্যায়ে চাহিদা অনুযায়ী উন্নয়ন প্রকল্প না থাকায় সমবায়কে ব্যাপক ভিত্তিক উন্নয়নমুখী কার্যক্রমে সম্পৃক্ত করা যাচ্ছে না।

## ২.৩ ভবিষ্যৎ পরিকল্পনা :

সমবায় এর সংখ্যা যৌক্তিক পর্যায়ে নিয়ে আসার জন্য অবসায়নে ন্যাস্ত সমবায় সমিতিগুলোর অবসায়ন দ্রুত নিস্পত্তি করা আগামী অর্থ বছরের অন্যতম প্রধান লক্ষ্য। অকার্যকর হয়ে পড়া সমবায় সমিতিসমুহকে পূনকার্যকর করার পদক্ষেপ গ্রহণ করা হবে। পাশাপাশি উপজেলা ভিত্তিক সুনির্দিষ্ট সংখ্যক সমিতি চিহ্নিত করে উৎপাদনমুখী সমিতিতে রূপান্তর করার উদ্যোগ বাস্তবায়ন করা হবে। উদ্ভাবনী উদ্যোগের মাধ্যমে জেলা সমবায় কার্যালয়ের নাগরিক সেবা সহজ করা ও ট্রেড ভিত্তিক প্রশিক্ষণ ও প্রযুক্তি সহায়তা প্রদান করার মাধ্যমে সমবায় উদ্যোক্তা সৃষ্টি করা ও আত্ম-কর্মসংস্থানের পথ সুগম করাও অন্যতম লক্ষ্য। সমবায়ের মাধ্যমে দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং উৎপাদিত পণ্য সরাসরি ভোক্তাদের নিকট সুলভ মূল্যে পৌছে দেয়ার লক্ষ্যে সমবায় পণ্যের ব্রান্ডিং, বাজারজাতকরণে সহায়তা করা হবে। অত্র উপজেলায় সমবায় সমিতির মাধ্যমে চা-কারখানা নির্মাণের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

## উপজেলা সমবায় কার্যালয়, পঞ্চগড় সদর, পঞ্চগড়  ২০২৩-২০২৪ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যক্রমঃ

**মাঝিপাড়া কৃষি খামার ক্ষুদ্র চা-চাষি সমবায় সমিতি লিঃ এর কার্যক্রমের ছবি**



সমিতির অফিস ঘর



সমিতির অর্থায়নে মসজিদ



সমিতির অর্থায়নে মাদ্রাসা



সমিতির কর্মএলাকা

## উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া, পঞ্চগড় কর্তৃক পরিচালিত ভ্রাম্যমান প্রশিক্ষণের ছবি



উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক কৃষি বিষয়ে প্রশিক্ষণ



উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রশিক্ষণ



জেলা সমবায় অফিসার, পঞ্চগড় মহোদয় কর্তৃক প্রশিক্ষণ



উপস্থিত সমবায়ী

## মাঝিপাড়া কৃষি খামার ক্ষুদ্র চা-চাষি সমবায় সমিতি লিঃ
## তেঁতুলিয়া, পঞ্চগড়

তেঁতুলিয়া উপজেলাধীন মাঝিপাড়া কৃষি খামার ক্ষুদ্র চা-চাষি সমবায় সমিতি লিঃ অবস্থিত। সমিতিটির মূল নিবন্ধন নং-১০১০, তারিখঃ- ২২/০৩/১৯৭৫ খ্রিঃ (সংশোধিত নিবন্ধন নং-০৪ তারিখঃ ১৩-০৩-২০০৯ খ্রিঃ)। সমিতির মোট সদস্য সংখ্যা ৮৫(পচাশি) জন (পুরুষ- ৬৮ জন ও মহিলা-১৭ জন)। শেয়ার আমানত ২,২১,৩৮০.০০ টাকা, সঞ্চয় আমানত ২,৪৪,৯৭৫.০০ টাকা, সমিতির নামে ২১৪ একর জমি চিরস্থায়ী বন্দোবস্ত গ্রহন করা হয়েছে যার বর্তমান বাজার মূল্য ৭,০২,২৫,৫৭১.০০ (সাত কোটি দুই লক্ষ পচিঁশ হাজার পাঁচশত) টাকা। ২১৪ একর জমিতে চা-পাতা তোলার কাজের জন্য ৪৫০ (চারশত পঞ্চাশ) জন শ্রমিকের কর্ম-সংস্থানের সৃষ্টি হয়েছে। যা বেশির ভাগ নারী শ্রমিক। সমিতির ২১৪ একর জমিতে চা-চাষ করে চা পাতা উৎপাদন করছে যা বাৎসরিক আনুমানিক ৩০০০০০০০.০০ (তিন কোটি) টাকা চা-পাতা বিক্রয় করছে। সমিতিটির কার্যক্রম হচ্ছে চা চাষ ও ফসল উৎপাদন বৃদ্ধিকল্পে উন্নতমানের চাষাবাদের জন্য সভ্যগনকে কর্জদাদনের জন্য মূলধন সংগ্রহ করা; চা চাষ ও ফসল উৎপাদন বৃদ্ধি করার জন্য বৈদ্যুতিক মটর কিংবা হস্তচালিত সেচ পাম্প, কৃষি যন্ত্রপাতি, বীজ, সার, কীট নাশক, যন্ত্র ও দ্রব্যাদি সংগ্রহ পূর্বক উহা কর্জ হিসেবে সভ্যগনের মধ্যে সরবরাহ করা; সমিতির তরফ হইতে সংগ্রহকৃত ও সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতির বৈদ্যুতিক মটর চালিত কিংবা হস্তচালিত সেচ পাম্প, পাওয়ার টিলার, ট্রাকটর, কীটনাশক যন্ত্র ও দ্রব্যাদির যৌথ ব্যবহার পরিচালনা ও রক্ষণাবেক্ষন করা; যৌথভাবে যান্ত্রিক ও বৈজ্ঞানিক পদ্ধতিতে উন্নতমানের চাষাবাদের প্রবর্তনকরণ কিংবা এককভাবে কোন সভ্য উহা করিতে চাহিলে তাহার সু-ব্যবস্থা করা; প্রয়োজন বোধে বিক্ষুপ্ত ও খন্ড খন্ড জমি একত্রিকরণ ও কৃষি ব্যবস্থার প্রবর্তন দ্বারা উহার ফসল বৃদ্ধি করা; পতিত ও অনাবাদী জমি চাষের উপযোগী করা এবং পতিত বা অন্য পুকুর, জলাশয় ইত্যাদি ইজারা লইয়া ইহা হইতে পানি সেচের ব্যবস্থা করা; সভ্যগণকে মিতব্যয়িতা ও সঞ্চয়কার্যে উৎসাহিত করা, সভ্যগণের মধ্যে স্বাবলম্বী ও পারস্পরিক সাহায্যের নীতি প্রয়োগ করা।






## ২.৪ ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা

| ক্রঃ নং | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | বার্ষিক লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| ১ | [১.১.১]প্রাক-নিবন্ধন প্রশিক্ষণের মাধ্যমে উদ্বুদ্ধকৃত প্রশিক্ষণার্থীর সংখ্যা | জন (লক্ষ) | সমষ্টি | ০.০০০৬৫ |
| ২ | [১.১.২] নিবন্ধন আবেদন নিষ্পত্তিকৃত | % | ক্রমপুঞ্জিভূত | ১০০% |
| ৩ | [১.২.১] সমবায়ী সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (পুরুষ) | জন (লক্ষ) | সমষ্টি | ০.০০০৬২ |
| ৪ | [১.২.২]সমবায়ী সংগঠনের মাধ্যমে আত্ম-কর্মসংস্থান সৃজিত (মহিলা) | জন (লক্ষ) | সমষ্টি | ০.০০০১৬ |
| ৫ | [২.১.১] কার্যকর সমবায় সমিতির বার্ষিক নির্বাচনী ক্যালেন্ডার সংকলিত | তারিখ | তারিখ | ১২.৮.২৪ |
| ৬ | [২.১.২] মডেল সমবায় সমিতি সৃজন | সংখ্যা | ক্রমপুঞ্জিভূত | ১ |
| ৭ | [২.১.৩] অকার্যকর সমবায় সমিতির তালিকা হালনাগাদ তালিকা সংকলিত | তারিখ | তারিখ | ১২.৮.২৪ |
| ৮ | [২.২.১] কার্যকর সমবায় সমিতির নিরীক্ষা সম্পাদিত | % | ক্রমপুঞ্জিভূত | ১০০%(৬৮) |
| ৯ | [২.২.২] সমিতি পরিদর্শন সম্পাদিত | সংখ্যা | সমষ্টি | ৫১ |
| ১০ | [২.২.৩] কার্যকর সমিতির নির্বাচন অনুষ্ঠিত/অন্তর্বর্তী কমিটি গঠিত | % | ক্রমপুঞ্জিভূত | ৯২%(২০) |
| ১১ | [২.২.৪] কার্যকর সমিতির বার্ষিক আর্থিক বিবরণী প্রাপ্তি নিশ্চিতকৃত | % | ক্রমপুঞ্জিভূত | ৫৫%(৩৪) |
| ১২ | [২.২.৫] নিরীক্ষা সম্পাদিত সমিতির এজিএম অনুষ্ঠিত | % | ক্রমপুঞ্জিভূত | ৭২%(৪৮) |
| ১৩ | **[২.২.৬]** নিরীক্ষা সংশোধনী প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | সমষ্টি | **৫৭** |
| ১৪ | [২.৩.১] নিরীক্ষা ফি আদায়কৃত | % | ক্রমপুঞ্জিভূত | ১০০% |
| ১৫ | [২.৩.২] সমবায় উন্নয়ন তহবিল আদায়কৃত | % | ক্রমপুঞ্জিভূত | ১০০% |
| ১৬ | [৩.১.১] ভ্রাম্যমাণ প্রশিক্ষণ অনুষ্ঠিত (পুরুষ/মহিলা) | জন | সমষ্টি | ১০০% |
| ১৭ | [৩.২.১] প্রশিক্ষণার্থী প্রেরিত(পুরুষ/মহিলা) | % | ক্রমপুঞ্জিভূত | ১০০% |
| ১৮ | [৩.৩.১] জাতীয় সমবায় পুরস্কারের জন্য | % | ক্রমপুঞ্জিভূত | ১০০% |

## ৩য় অধ্যায়

### ৩. সমবায় সমিতি সংক্রান্ত তথ্য
### ৩.১ কার্যকর ও অকার্যকর সমিতির সংখ্যা
### ৩.২ সমিতির সদস্য সংখ্যা

| ক্রমিক নং | কার্যকর সমিতির সংখ্যা | অকার্যকর সমিতির সংখ্যা | মোট সমিতির সংখ্যা | মোট সমিতির সদস্য সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ৬৭ | ০০ | ৬৭ | ৫৩০৩ |

**[৩.৩] [৩.৪] [৩.৫] [৩.৬] সমবায় সমিতির শেয়ার মুলধন,সঞ্চয় আমানত,কার্যকারী মুলধন ,ঋণ বিতরণ ও আদায়**

| ক্রমিক নং | **শেয়ার মুলধন** | **সঞ্চয় আমানত** | **কার্যকারী মুলধন** | **ঋণ বিতরণ** | **ঋণ আদায়** |
|---|---|---|---|---|---|
| ১ | ৭৯৭৬০০০ | ১৩৩৮০০০০ | ২১৩৫৬০০০ | ১৬৭৭৭৫৫৩৯ | ৩০৩৩৯৩০৫০ |

### ৩.৭ সমিতির লভ্যাংশ বিতরণ

| ক্রমিক নং | লভ্যাংশ বিতরণের লক্ষ্য মাত্রা | | | লভ্যাংশ বিতরণকৃত অর্থের পরিমাণ | | |
|---|---|---|---|---|---|---|
| | সাধারণ | পউবো | মোট | সাধারণ | পউবো | মোট |
| ১ | ৯৩০৩২.০০ | ০০ | ৯৩০৩২.০০ | ৯৩০৩২.০০ | ০০ | ১৬১৪১৮.০০ |

## ৪র্থ অধ্যায়

### ৪. রাজস্ব আদায়

**৪.১ নিরীক্ষা ফি**

**৪.২ নিবন্ধন ফি**

**৪.৩ অন্যান্য)**

| ক্রমিক নং | **নিরীক্ষা ফি** | **নিবন্ধন ফি** | **অন্যান্য (কোর্ট ফি)** | **মোট** | আদায়ের হার |
|---|---|---|---|---|---|
| ১ | **১২৯৯০.০০** | ০০.০০ | ০ | **১২৯৯০.০০** | ১০০% |

## ৫ম অধ্যায়

### ৫. সমবায় উন্নয়ন তহবিল

| ক্রমিক নং | আদায়যোগ্য সিডিএফ এর পরিমাণ | | | আদায়কৃত সিডিএফ এর পরিমাণ | | | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|---|
| | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | কেন্দ্রীয় | প্রাথমিক | মোট | |
| ১ | ০ | ৩৮৭৮.০০ | ৩৮৭৮.০০ | ০ | ৩৮৭৮.০০ | ৩৮৭৮.০০ | ১০০% |

## ৬. উপজেলা পর্যায়ে জাতীয় সমবায় পুরস্কার ২০২৩ এর মনোনয়নের তালিকা

| সমিতির শ্রেণি | মনোনীত সমবায়ী/সমবায় সমিতির নাম ও ঠিকানা |
|---|---|
| কৃষি ভিত্তিক/ সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় | মাঝিপাড়া কৃষি খামার ক্ষুদ্র চা-চাষি সমবায় সমিতি লিঃ<br>গ্রাম-পেদিয়াগছ,,ডাকঘর-মাঝিপাড়া<br>উপজেলা-তেঁতুলিয়া, জেলা- পঞ্চগড়। |
| উৎপাদনমুখী সমবায় | জামাদারগছ মৎস্যজীবি সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ জামাদারগছ ডাকঘরঃ তিরনইহাটা<br>উপজেলাঃ তেঁতুলিয়া, জেলাঃ পঞ্চগড়। |
| ব্যবসায়ী সমবায় | মাঝিপাড়া শালবাহান রোড ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ শালবাহান রোড,ডাকঘরঃ মাঝিপাড়া<br>উপজেলাঃ তেঁতুলিয়া, জেলাঃ পঞ্চগড়। |
| বিত্তহীন, ভূমিহীন সমবায় | বালাবাড়ী আবাসন প্রকল্প বহুমূখী সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ বালাবাড়ী, ডাকঘরঃ শালবাহান<br>উপজেলাঃ তেঁতুলিয়া, জেলাঃ পঞ্চগড়। |
| মহিলা সমবায় | আশা মহিলা উন্নয়ন সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ মানিকপাড়া, ডাকঘরঃ মাঝিপাড়া<br>উপজেলাঃ তেঁতুলিয়া, জেলাঃ পঞ্চগড় |
| বিশেষ ও অন্যান্য শ্রেণি (যুব সমবায় সমিতি) | দেবনগড় ইউনিয়ন যুব সমবায় সমিতি লিঃ<br>গ্রামঃ বালুবাড়ী, ডাকঘরঃ দেবনগড়<br>উপজেলাঃ তেঁতুলিয়া, জেলাঃ পঞ্চগড়। |
| সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায় | মোঃ আসলাম<br>পিতাঃ মৃত ওয়াহেদ আলী মিঞা, মাতাঃ জনাব মোছাঃ রওশনারা<br>গ্রামঃ কোম্পানীজোত, ডাকঘরঃ আজিজনগর<br>উপজেলাঃ তেঁতুলিয়া, জেলাঃ পঞ্চগড়<br>**তেঁতুলিয়া উপজেলা শিক্ষক কর্মচারী কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ**<br>রেজিঃ নং- ০৮ তারিখ -১৫/০২/২০০৯ খ্রিঃ |

# ৭ম অধ্যায়

## ৭. প্রশিক্ষণ

### ৭.১. ভ্রাম্যমান প্রশিক্ষণ

| ক্রঃ নং | **ভ্রাম্যমান প্রশিক্ষণ** কোর্স | পুরুষ | মহিলা | মোট |
|---|---|---|---|---|
| ১। | ০৪ | ৬০ | ৪০ | ১০০ |

# ৮ম অধ্যায়

## ৮. প্রকল্প

৮.১ আশ্রয়ণ প্রকল্প

ক. আশ্রয়ণ

| প্রকল্পের সংখ্যা | ব্যারাক সংখ্যা | বসবাসরত পরিবার | ঋণ দাদন | ঋণ আদায়(আসল) |
|---|---|---|---|---|
| ০ | ০ | ০ | ০ | ০ |

খ. আশ্রয়ণ ফেইজ-২

| প্রকল্পের সংখ্যা | ব্যারক সংখ্যা | বসবাসরত পরিবার | ঋণ দাদন | ঋণ আদায় (আসল) |
|---|---|---|---|---|
| ১ | ০৩ | ৩০ | ১০৬৪০০০ | ৯৪৫৫৯৯ |

# ৯ম অধ্যায়

## ৯. উপজেলা সমবায় কার্যালয়, তেঁতুলিয়া,পঞ্চগড় এর জনবল

| উপজেলা সমবায় কর্মকর্তা | | | সহকারী পরিদর্শক | | | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | | | অফিস সহায়ক | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| মঞ্জুরীকৃত পদ | কর্মরত | শূন্য | মঞ্জুরীকৃত পদ | কর্মরত | শূন্য | মঞ্জুরীকৃত পদ | কর্মরত | শূন্য | মঞ্জুরীকৃত পদ | কর্মরত | শূন্য |
| ০১টি | ০১টি | - | ০২টি | ০১টি | ০১টি | ০১টি | ০১টি | - | ০১টি | ০১টি | - |

সমবায় অধিদপ্তর
DEPARTMENT OF COOPERATIVES

# বার্ষিক প্রতিবেদন
# ২০২৩-২০২৪

fppt.com